# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৮৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنْ مَكْحُولٍ يَبْلُغُ بِهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ صَلَّى بَعْدَ الْمَغْرِبِ قَبْلَ أَنْ يَتَكَلَّمَ رَكْعَتَيْنِ وَفِي رِوَايَةٍ أَرْبَعَ رَكَعَاتٍ رُفِعَتْ صَلَاتُهُ فِي عِلِّيِّينَ» . مُرْسلا

বাংলা

১১৮৪-[২৬] মাকহূল (রহঃ) এ হাদীসটির বর্ণনা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত পৌঁছিয়েছেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যে লোক মাগরিবের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার পর কথাবার্তা বলার আগে দু’ রাক্’আত। আর এক বর্ণনায় আছে, চার রাক্’আত সালাত আদায় করবে, তার সালাত ’ইল্লীয়্যিনে পৌঁছে দেয়া হয়। (হাদীসটি মুরসাল)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু আবী শায়বাহ্ ৫৯৩৫, য‘ঈফ আত্ তারগীব ৩৩৫। কারণ হাদীসটি মুরসাল তথা মুরসালুত্ তাবি‘ঈ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ صَلّى بَعْدَ الْمَغْرِبِ قَبْلَ أَنْ يَتَكَلَّمَ رَكْعَتَيْنِ) যে ব্যক্তি মাগরিবের ফরয সালাত আদায় করার পর দুনিয়াবী কোন কথাবার্তা না বলে দু’ রাক্‘আত সালাত আদায় করে, অর্থাৎ মাগরিবের পরবর্তী সুন্নাত মুয়াক্কাদাহ্ দু’ রাক্‘আত সালাত আদায় করে।

(وَفِي رِوَايَةٍ أَرْبَعَ رَكَعَاتٍ) অন্য বর্ণনায় চার রাক্‘আতের কথা উল্লেখ রয়েছে। তন্মধ্যে দুই রাক্‘আত সুন্নাতে মুয়াক্কাদাহ্ আর দুই রাক্‘আত নফল সালাত আদায় করে তার সালাত (সালাত/নামায/নামাজ) কবূল করা হয় এবং তার মর্যাদাও অনেক। হাদীসটি মুরসাল। কেননা মাকহূল তাবি‘ঈ। তিনি হাদীস বর্ণনায় কোন সাহাবীর উল্লেখ করেননি। ইবনু হাজার বলেন, এ রকম মুরসাল কোন ক্ষতির কারণ নয়। কেননা মুরসাল হাদীসের হুকুম সেই য‘ঈফ হাদীসের মতো যার দুর্বলতা খুব বেশি মারাত্মক নয়। ফাযীলাতের ক্ষেত্রে এরূপ দুর্বল ও মুরসাল

হাদীস ‘আমলযোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55744

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন